# জাগোনারী

আসাহী ম্যানশন, কলেজ রোড, বরগুনা

## বিলবোর্ড স্থাপনের জন্য টেন্ডার সিডিউল

বেসরকারি সংস্থা জাগোনারী বাংলাদেশের বিভিন্ন এলাকায় দাতা সংস্থার সহযোগিতায় একাধিক প্রকেল্পের কার্যক্রম বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় পটুয়াখালী জেলায় GFFO & Save the Children বাংলাদেশ এর কারিগরি সহযোগিতায় জাগোনারী বাস্তবায়িত Child Center Anticipatory Action (CCAA) শীর্ষক প্রকল্পের আওতায় বিলবোর্ড স্থাপনের জন্য আগ্রহী ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে।

### ক. সাধারন তথ্যাবলী:

| | | |
|---|---|---|
| টেন্ডর রেফারেন্স | : | জানা/ বর/ সিসিএএ-ওটিএম/ জানুয়ারি ২০২৬ (০২) |
| দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ | : | ২৮ জানুয়ারি ২০২৬ খ্রি. |
| দরপত্র জমা দেওয়ার শেষ তারিখ | : | ০৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. |
| দরপত্র খোলার তারিখ ও সময় | : | ০৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি., সময়: সকাল ১১:০০ টা। (দরপত্র উন্মুক্তকরণের সময় সকল দরদাতা প্রতিষ্ঠানকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। |
| যেভাবে দরপত্র বিজ্ঞপ্তি, টেন্ডার সিডিউল এবং প্রাইস কোটেশন ফরম সংগ্রহ করতে পারবেন | : | বিডিজবস-এ দেওয়া লিংকে ঢুকে টেন্ডার সিডিউল, আবেদন ফরম ও প্রাইস কোটেশন ফরম সংগ্রহ করা যাবে।<br>এ ছাড়াও জাগোনারী প্রধান কার্যালয়, আসাহী ম্যানশন (৩য় তলা), কলেজ রোড, বরগুনা থেকেও দরপত্র সংক্রান্ত কাগজপত্র সংগ্রহ করা যাবে। |

### খ. দরদাতা প্রতিষ্ঠানের যোগ্যতা ও দরপত্র দাখিলের পদ্ধতি:

1. দরদাতা প্রতিষ্ঠানকে অবশ্যই দরপত্রের সাথে হালনাগাদ ঠিকাদারী ট্রেড লাইসেন্স, ভ্যাট ও আয়কর প্রত্যয়নপত্র এবং পরিচয়পত্রের কপি সংযুক্ত করতে হবে;
2. সরবরাহকারী প্রতিষ্ঠানের কমপক্ষে ০৮-১০ লক্ষ টাকার ঠিকাদারী কাজ করার সক্ষমতা থাকতে হবে;
3. দরদাতা প্রতিষ্ঠানের নামে ব্যাংক হিসাব থাকতে হবে এবং শেষ ০১ মাসের ব্যাংক স্টেটমেন্ট দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে;
4. দরপত্রের সাথে ঠিকাদারী কাজের অভিজ্ঞতার প্রমানক হিসেবে অভিজ্ঞতা সনদ/কার্যাদেশ সংযুক্ত করতে হবে;
5. দরপত্রের বৈধতার সময়সীমা ও ব্যাংক হিসাবের পূর্নাঙ্গ তথ্য আবেদনপত্রে উল্লেখ থাকতে হবে;
6. সিলযুক্ত খামের মধ্যে দরপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে আহবায়ক, ক্রয় কমিটি, জাগোনারী প্রধান কার্যালয়, আসাহী ম্যানশন, কলেজ রোড, বরগুনা, মোবাইল ফোন নম্বর: ০১৭১১ ৩২২৩১৪-এই ঠিকানায় সরাসরি/ডাকযোগে দরপত্র দাখিল করতে হবে;

7. Annex. 1.1: Application Form এবং Annex. 1.2: Price Quotation Form প্রতিষ্ঠানের অফিশিয়াল/নিজস্ব প্যাডে প্রিন্ট করে দরপত্র দাখিল করতে হবে;
8. আবেদন পত্র এবং দরপত্র সকল সংযুক্তির প্রতিটি পৃষ্ঠায় প্রতিষ্ঠানের মালিক বা প্রতিষ্ঠানের বৈধ প্রতিনিধির স্বাক্ষর ও সীল থাকা আবশ্যক;
9. দরপত্রে কাচামালের ব্রান্ড উল্লেখ থাকতে হবে;
10. কোন প্রতিষ্ঠান সরারসরি দরপত্র জমা দিলে নিজ হাতে টেন্ডার বক্সে দরপত্র ফেলে যাবেন এবং কুরিয়ার সার্ভিস/ ডাকযোগে প্রাপ্ত দরপত্র জাগোনারী কর্তৃপক্ষ রেজিষ্টারভূক্ত করে টেন্ডর বক্সে ফেলবেন;
11. জমাদানের তারিখ ও সময় শেষ হলে জাগোনারীর ক্রয় কমিটি নিয়মানুযায়ী টেন্ডার বক্স খুলবেন এবং দরপত্র মূল্যায়ন করবেন।

## গ. দরপত্র মূল্যায়ন ও ঠিকাদারী প্রতিষ্ঠান নির্বাচনের পদ্ধতি:

1. নিম্নলিখিত বিবরণ অনুযায়ী স্কোরিং পদ্ধতি অনুসারে দরপত্র মূল্যায়ন করা হবে;

| স্কোরিং এর মানদন্ড | নম্বর | মন্তব্য |
|---|---|---|
| দর | ৩০ | আর্থিক |
| লিগ্যাল ডকুমেন্টস (ট্রেডলাইসেন্স, ভ্যাট ও ট্যাক্স সার্টিফিকেট) | ২০ | টেকনিক্যাল |
| অভিজ্ঞতা (ঠিকাদারী কাজে অভিজ্ঞতা সনদ/কার্যাদেশ) | ২০ | টেকনিক্যাল |
| আর্থিক সক্ষমতা (ব্যাংক স্টেটমেন্ট বিবেচ্য বিষয় হিসেবে ধরা হবে | ১০ | টেকনিক্যাল |
| কাচামালের ব্রান্ড ভ্যালু | ২০ | টেকনিক্যাল |
| মোট | ১০০ | |

2. স্কোরিং, প্রাক্কলিত বাজেটসহ সার্বিক বাজেট দিক বিবেচনা করে চুড়ান্তভাবে ঠিকাদারী প্রতিষ্ঠান নির্বাচন করা হবে।
3. অসম্পূর্ন বা ক্রটিপূর্ন দরপত্র বাতিল বলে গন্য হবে।

## ঘ. বিলবোর্ড স্থাপনের লোকেশন ও নিয়মাবলী:

1. সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান নিজস্ব খরচ ও ব্যবস্থাপনায় নিম্মলিখিত লোকেশনে বিলবোর্ড স্থাপন করবেন:

<table>
<tr><th>জেলা</th><th>উপজেলা</th><th>ইউনিয়ন</th><th>স্থান</th><th>মন্তব্য</th></tr>
<tr><td rowspan="2">পটুয়াখালী</td><td>কলাপাড়া</td><td>ডাবলুগঞ্জ, ধুলাসার, লতাচাপলী ও মহীপুর</td><td rowspan="2">জাগোনারী কর্তৃক নির্ধারিত যে কোন জনবহুল এলাকায় স্থাপন করা হবে।</td><td rowspan="2">মোট ০৮টি।</td></tr>
<tr><td>পটুয়াখালী সদর</td><td>বড় বিঘাই, ছোট বিঘাই, ইটবাড়ীয়া ও লোহালিয়া</td></tr>
</table>

2. ঠিকাদারী প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের দিন থেকে ২০ দিনের মধ্যে সকল কাজ সম্পাদন করতে হবে। কার্যাদেশে উল্লেখিত তারিখের মধ্যে কাজ শেষ করতে না পারলে প্রতিদিন বিলম্বের জন্য মোট বিল থেকে ১% কর্তন করে বিল প্রদান করা হবে;
3. কার্যাদেশ প্রদানের পর সংশ্লিষ্ট ঠিকাদার কোন কাচামাল/উপকরনের ব্র্যান্ড পরিবর্তন করতে চাইলে কার্যাদেশ প্রাদানের ০৫ দিনের মধ্যে লিখিতভাবে জাগোনারী কর্তৃপক্ষকে অবহিত করতে হবে এবং কার্যাদেশে উল্লেখিত ব্রান্ডের সমমান অথবা তার চেয়ে ভাল মানের কাচামাল/উপকরণ প্রদান করতে হবে।

**ঙ. বিল পরিশোধ পদ্ধতি:**

1. নির্ধারিত সময়ের মধ্যে সন্তোষজনকভাবে কার্যক্রম সম্পাদনের পর ব্যাংক চেক/অনলাইন পদ্ধতিতে বিল পরিশোধ করা হবে;
2. মোট বিলের উপর সরকারি বিধি মোতাবেক ট্যাক্স ও ভ্যাট কর্তন করা হবে।

**চ. আবশ্যকীয় শর্তাবলী:**

1. কোনরুপ ত্রুটিপূর্ন কার্যক্রম গ্রহণযোগ্য নয়। এক্ষেত্রে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান ত্রুটিপূর্ন কার্যক্রম পুনরায় যথাযথভাবে সম্পাদন করে দিবেন।

**ছ. বিশেষ বার্তাসমূহ:**

1. জাগোনারী কোন কারণ দর্শানো ব্যাতীত উক্ত বিজ্ঞপ্তি/দরপত্র গ্রহন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে;
2. জাগোনারী কোন ধরনের নারী, শিশু ও যৌন নির্যাতনকারীকে প্রশ্রয় দেয় না;
3. নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্ঠান অবশ্যই জাগোনারীর সেইফগার্ডিং ও যৌন শোষন ও হয়রানি প্রতিরোধ পলিসি মেনে চলতে বাধ্য থাকবেন। কার্যাদেশে উল্লেখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোনরুপ নারী বা শিশু নির্যাতনের অভিযোগ প্রমানিত হলে জাগোনারী কর্তৃপক্ষ উক্ত কার্যাদেশ বাতিল করতে পারবেন;
৪. কোনরুপ তদবির/প্রভাবিত করা গ্রহনযোগ্য নয়;

**জ. সংযুক্তি:**

১. Annex. 1.1 - Application Form
২. Annex. 1.2 - Price Quotations Form
৩. Annex. 1.3 - Drawing & Design.

দরপত্র সংক্রান্ত কোন অস্পষ্টতা থাকলে প্রয়োজনে ফোন করুন এই নম্বরে: ০১৭১১ ৩২২৩১৪। এ ছাড়া অন্য কোন বিষয়ে আলোচনা বা তদবিরের জন্য ফোন না করার জন্য জোর অনুরোধ জানানো হলো।

::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::: o :::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::